

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(২০২৬ ইং সনের ১৬৯ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ২৪ জুন ২০২৬ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লিখিত বেঞ্চ গঠন করা হইল :

১.

বিচারপতি এস, এম, মনিরুজ্জামান
এবং
বিচারপতি দিহিদার মাসুম কবীর

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ভ্যাট, কাস্টমস ও ইনকামট্যাক্স সংক্রান্ত রীট মোশন ও তৎসংক্রান্ত শুনানী; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ১২৪ ধারা মোতাবেক রিভিশন/আপীল সহ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১-এর ধারা ৪২(১)(গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা, আয়কর সংক্রান্ত রীট রেফারেন্স; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ডি ও কাস্টমস এ্যাক্ট, ২০২৩ এর ধারা ২২৬ অনুযায়ী আপীল শুনানী; ২০০৯ ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ), (গ), (ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; ২০২৩ ইং সনের বাংলাদেশ শিল্প নকশা আইন অনুযায়ী আপীল ও তৎসংক্রান্ত আবেদনপত্র; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

স্বাঃ-

বাংলাদেশের প্রধান বিচারপতি

তারিখঃ ২৩ জুন ২০২৬ খ্রি।

প্রচারের জন্যঃ

১. **বিচারপতি এস, এম, মনিরুজ্জামান**
২. **বিচারপতি দিহিদার মাসুম কবীর**